গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডিসেমিনেশন অব নিউ কারিকুলাম স্কিম
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নং-এসইডিপি/ডিএনসি/মন্ত্রণালয় ও যোগাযোগ/০১/২০২৩/২২৯

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয় : জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রমের প্রশিক্ষকদের আবেদন অগ্রায়ন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪ শিক্ষাবর্ষ থেকে সারাদেশের মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (সাধারণ/মাদ্রাসা/কারিগরি/সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংযুক্ত মাধ্যমিক শাখা) জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে প্রণীত ৮ম ও ৯ম শ্রেণিতে পাঠ্যপুস্তক এর সাহায্যে শিখন কার্যক্রম চালু হতে যাচ্ছে। আমরা জানি, নতুন শিক্ষাক্রমে ব্যাপক পরিবর্তন হয়েছে। শিক্ষাক্রম বাস্তবায়নের জন্য শিক্ষক/কর্মকর্তাগণকে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষক হতে আগ্রহী শিক্ষক/কর্মকর্তাগণের আবেদনসমূহ জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ www.emis.gov.bd ওয়েবসাইটে নিজ নিজ আইডিতে প্রবশ করে NCF মডিউলে ড্যাশবোর্ডে দেখতে পাবেন। এমতাবস্থায়, সংশ্লিষ্ট আবেদনসমূহ যাচাইপূর্বক নিম্নবর্ণিত ছক অনুযায়ী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে অনলাইনে অগ্রায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | পর্যায় | অগ্রায়নকারী | অগ্রায়নের সময়সীমা |
|---|---|---|---|
| ১ | জেলা পর্যায়ের প্রশিক্ষক | জেলা শিক্ষা অফিসার | ২৫ সেপ্টেম্বর - ২৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. |
| ২ | উপজেলা পর্যায়ের প্রশিক্ষক | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | ০১ অক্টোবর - ০৫ অক্টোবর, ২০২৩ খ্রি. |

সংযুক্তি :
১. আবেদন অগ্রায়ন করার নির্দেশিকা

20/09/2023
(মোসা : আইরিন হক)
সহকারী পরিচালক
ডিসেমিনেশন অব নিউ কারিকুলাম স্কিম
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

বিতরণ :
১. জেলা শিক্ষা অফিসার (সকল)
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

স্মারক নং-এসইডিপি/ডিএনসি/মন্ত্রণালয় ও যোগাযোগ/০১/২০২৩/২২৯(১৪)

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১. ন্যাশনাল প্রোগ্রাম কোঅর্ডিনেটর ও অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. প্রোগ্রাম কোঅর্ডিনেটর ও অতিরিক্ত সচিব (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৬. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৭. পরিচালক (সকল), মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৮. সদস্য,শিক্ষাক্রম, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা;
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা; (অফিস আদেশটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড ও নোটিশ আকারে প্রচারের অনুরোধসহ)
১০. ফোকাল পয়েন্ট, ডিসেমিনেশন অব নিউ কারিকুলাম, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১১. সহকারি প্রোগ্রামার (সকল জেলা) (প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের অনুরোধসহ);
১২. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১৩. পিএ টু স্কিম পরিচালক, ডিএনসি স্কিম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১৪. অফিস নথি।

# জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষক নির্বাচনের জন্য EMIS সিস্টেমে আবেদন অগ্রায়ণ করার নির্দেশিকা

জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষক হতে ইচ্ছুক সাধারণ/মাদ্রাসা/কারিগরি শিক্ষক ক্যাটেগরিতে EMIS সিস্টেমে আবেদনকারীগণের আবেদন জেলা শিক্ষা কর্মকর্তা/ উপজেলা শিক্ষা কর্মকর্তাগণ নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী অগ্রায়ণ করবেন।

জেলা শিক্ষা কর্মকর্তা/ উপজেলা শিক্ষা কর্মকর্তাগণ EMIS সফটওয়্যারে (emis.gov.bd) নিজেদের ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগ-ইন করে NCF মডিউলে প্রবেশ করে আবেদন অগ্রায়ণ করবেন।

এখানে ক্লিক করে লগ-ইন করতে হবে











লগ-ইন করার পর “NCF” মডিউলে ক্লিক করতে হবে।





“NCF” মডিউলে প্রবেশ করলে নিম্নের window প্রদর্শিত হবে।


এখানে “Trainer Evaluation” menu তে ক্লিক করতে হবে।



“Trainer Evaluation” menu তে প্রবেশ করলে আবেদনকারীদের তালিকা প্রদর্শিত হবে।




এখানে ক্লিক করে Evaluation ফরমে প্রবেশ করে “Application Evaluation” ট্যাবে আবেদনকারীকে ৫ টি Indicator এ ১ থেকে ৫ এর মধ্যে স্কোর দিতে হবে। তারপর সুপারিশ (হ্যাঁ/না) সিলেক্ট করে “Forward” বাটনে ক্লিক করে Evaluation শেষ করতে হবে।



জেলা শিক্ষা কর্মকর্তা তাঁর জেলায় “শিক্ষক” ক্যাটেগরীর যে সকল আবেদনকারী “জেলা পর্যায়ের” বিভিন্ন বিষয়ের জন্য আবেদন করেছেন তাদের আবেদন অগ্রায়ণ করবেন।

উপজেলা শিক্ষা কর্মকর্তা তাঁর উপজেলায় “শিক্ষক” ক্যাটেগরীর যে সকল আবেদনকারী “উপজেলা পর্যায়ের” বিভিন্ন বিষয়ের জন্য আবেদন করেছেন তাদের আবেদন অগ্রায়ণ করবেন। “উপজেলা পর্যায়ের” আবেদনের নির্ধারিত সময়সীমার পরের দিন হতে আবেদন অগ্রায়ণ কার্যক্রম করা যাবে।

* এ সংক্রান্ত কারিগরি সমস্যার ক্ষেত্রে জেলার সহকারি প্রোগ্রামার/ অঞ্চলের প্রোগ্রামারগণের সাথে যোগাযোগ করা যেতে পারে।

* অন্যান্য নীতিগত বিষয়ের সমস্যার জন্য “ডিসেমিনেশন অব নিউ কারিকুলাম স্কিম” এর সাথে যোগাযোগ করার অনুরোধ করা হল।